



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।

www.caab.gov.bd

প্রশাসন বিভাগ



স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২১১.০৮.০০৪.১৯.২৯৩

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৮

০৬ মার্চ ২০২২

বিষয়: নির্বাহী পরিচালক সেমসুর দপ্তরের দরপত্র উন্মুক্তকরণ কমিটি ও মূল্যায়ন কমিটি পুনঃগঠন।

সূত্র: ৩০.৩১.০০০০.১৮৩.০০.০৪৩.১৭, তারিখ: ০২/০২/২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সেন্ট্রাল প্রকিউরমেন্ট, ইঞ্জিনিয়ারিং ও স্টোর ইউনিট, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা-এর সূত্রস্থ পত্রে বর্ণিত প্রস্তাবের প্রেক্ষিতে উক্ত দপ্তরের ২৫০০ (দুই হাজার পাঁচশত) লক্ষ টাকা পর্যন্ত প্রাক্কলিত মূল্যের মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং উন্নয়নমূলক কাজের ক্ষেত্রে প্রকিউরমেন্ট এনটিটি (পিই) হবেন নির্বাহী পরিচালক, সেমসু। নির্বাহী পরিচালক, সেমসু প্রকিউরমেন্ট এনটিটি (পিই) হিসেবে যে সকল কাজের প্রক্রিয়া করবেন সে সকল কাজের প্রাক্কলিত মূল্য ভেদে দরপত্র / প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি ও দরপত্র মূল্যায়ন কমিটি নিম্নবর্ণিতভাবে পুনঃগঠন করা হলো:

ক্র: নং	প্রাক্কলিত মূল্য	ব্যয় খাত	টিওসি	টিইসি/পিইসি	অনুমোদনকারী
০১।	১০ (দশ) লক্ষ ও এর নিম্নে	মেরামত ও রক্ষণাবেক্ষণ/ উন্নয়নমূলক (কার্য/পণ্য/ সেবা)	সংশ্লিষ্ট পরিচালক - সভাপতি সংশ্লিষ্ট উপ-পরিচালক/সংশ্লিষ্ট সহকারী পরিচালক - সদস্য সচিব	নির্বাহী পরিচালক (সেমসু) - সভাপতি সংশ্লিষ্ট পরিচালক - সদস্য সচিব সংশ্লিষ্ট সহকারী পরিচালক - সদস্য	সদস্য (পরিঃ ও পরিঃ), সিএএবি
০২।	১০ (দশ) লক্ষের উর্ধ্বে ও ১০০ (একশত) লক্ষের নিম্নে	মেরামত ও রক্ষণাবেক্ষণ/ উন্নয়নমূলক (কার্য/পণ্য/ সেবা)	নির্বাহী পরিচালক (সেমসু) - সভাপতি সংশ্লিষ্ট পরিচালক - সদস্য সচিব	নির্বাহী পরিচালক (সেমসু) - সভাপতি সংশ্লিষ্ট পরিচালক - সদস্য সচিব সংশ্লিষ্ট উপ-পরিচালক/সংশ্লিষ্ট সহকারী পরিচালক - সদস্য	চেয়ারম্যান, সিএএবি
০৩।	১০০ (একশত) লক্ষের উর্ধ্বে ও ২৫০০ (দুই হাজার পাঁচশত) লক্ষ পর্যন্ত	মেরামত ও রক্ষণাবেক্ষণ/ উন্নয়নমূলক (কার্য/পণ্য/ সেবা)	নির্বাহী পরিচালক (সেমসু) - সভাপতি সংশ্লিষ্ট পরিচালক - সদস্য সচিব	সদস্য (পরিঃ ও পরিঃ) - সভাপতি নির্বাহী পরিচালক (সেমসু) - সদস্য সচিব সংশ্লিষ্ট পরিচালক - সদস্য	চেয়ারম্যান, সিএএবি

২.০ ই-জিপিতে টেন্ডার আহ্বানের পূর্বে পিই তার পরবর্তী কর্মকর্তার নিকট হতে টেন্ডার অনুমোদন করে নিবেন। ই-জিপির মাধ্যমে ক্রয় প্রক্রিয়ার ক্ষেত্রে উপরে বর্ণিত কমিটি ও অনুমোদনকারী হিসেবে প্রযোজ্য হবে।

৩.০ উল্লেখ্য, সদর দপ্তর প্রশাসন বিভাগের স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২০১.০৮.০৬২.২১.১০৫, তারিখ: ২৭ জানুয়ারি ২০২২ খ্রিঃ এর মাধ্যমে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সকল প্রকার নন-অপারেশনাল যানবাহন ক্রয়ের দরপত্র মূল্যায়নের জন্য সদস্য (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে একটি কমিটি গঠিত রয়েছে। উক্ত কমিটির কার্যক্রম যথারীতি চলমান থাকবে।

৪.০ কর্তৃপক্ষের অনুমোদনক্রমেই পত্র জারি করা হলো।



৬-৩-২০২২

মোঃ জাহিরুল ইসলাম

পরিচালক (প্রশাসন)

ফোন: +৮৮০ ২ ৮৯০১৪১২

ফ্যাক্স: +88-02-8901411

ইমেইল: dadmin@caab.gov.bd

নির্বাহী পরিচালক(সেমসু)

নির্বাহী পরিচালক (সেমসু) এর দপ্তর

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২১১.০৮.০০৪.১৯.২৯৩/১(১২)

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৮

০৬ মার্চ ২০২২

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), সদস্য (পরিচালনা ও পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ২) সদস্য(এটিএম), সদস্য(এটিএম) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ৩) পরিচালক (অর্থ), পরিচালক (অর্থ) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ৪) পরিচালক (এয়ার ট্রাফিক ম্যানেজমেন্ট-এটিএম), পরিচালক(এয়ার ট্রাফিক ম্যানেজমেন্ট-এটিএম ) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ৫) পরিচালক (সিএনএস), পরিচালক(সিএনএস) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬) পরিচালক(পরিকল্পনা, অপারেশনাল প্রশিক্ষণ, উন্নয়ন ও মনিটরিং), পরিচালক (পরিকল্পনা ও প্রশিক্ষণ) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ৭) পরিচালক(মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ), প্রশাসন (সদর দপ্তর) অধিশাখা, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ৮) পরিচালক (প্রকিউরমেন্ট, স্টোরস ও সাপ্লাই), সরবরাহ (সেমসু) শাখা, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ৯) পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ১০) সংশ্লিষ্ট পরিচালক/সংশ্লিষ্ট উপ-পরিচালক/সংশ্লিষ্ট সহকারী পরিচালক, সেন্ট্রাল প্রকিউরমেন্ট, ইঞ্জিনিয়ারিং ও স্টোর ইউনিট, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা
- ১১) ব্যক্তিগত সহকারী, সদস্য (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ১২) ব্যক্তিগত সহকারী, পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ



৬-৩-২০২২

মোঃ জাহিরুল ইসলাম

পরিচালক (প্রশাসন)